

## পারিবারিক নির্যাতনের শিকার অভিবাসী ব্যক্তির যুক্তরাষ্ট্রে প্রাপ্য আইনি অধিকার এবং বিবাহ ভিত্তিক ভিসাতে অভিবাসন সম্পর্কিত তথ্যাদি):

### উদ্দেশ্য:

পারিবারিক নির্যাতনের শিকার অভিবাসীরা এই ক্ষেত্রে বেশি বিপন্ন কারণ তারা অনেকে ইংরেজি বলতে পারে না, এবং সাধারণত পরিবার ও বন্ধু থেকে বিচ্ছিন্ন থাকে এবং অনেক ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের আইন বুঝতে পারেনা ও এইসব কারণে অভিবাসীরা সাধারণত পারিবারিক সহিংসতার কথা পুলিশকে জানাতে বা অন্য কোনো ধরনের সহায়তা নিতে ভয় পায়। এই ধরনের ভীতির কারণে অনেক অভিবাসী যন্ত্রনাদায়ক সম্পর্কও বজায় রাখে।

এই পুস্তিকা আপনাকে পারিবারিক সহিংসতার ব্যাখ্যা দিবে এবং যুক্তরাষ্ট্রে আপনার আইনগত অধিকার সম্পর্কে ধারণা প্রদান করবে। আন্তর্জাতিক বিবাহ দালাল নিয়ন্ত্রন আইন (IMBRA) অনুযায়ী যুক্তরাষ্ট্র সরকার যুক্তরাষ্ট্রে অভিবাসী বিদেশী বাগদত্ত/বাগদত্তা এবং স্বামী/স্ত্রীদের তাদের আইনগত অধিকারের তথ্য এবং তাদের যুক্তরাষ্ট্রের নাগরিক বাগদত্ত/বাগদত্তা এবং স্বামী/স্ত্রীদের অপরাধ সম্পর্কিত বা পারিবারিক সহিংসতার ইতিহাসের তথ্য দিয়ে থাকে। IMBRA এর অন্যতম উদ্দেশ্য হচ্ছে অভিবাসী বিদেশী বাগদত্ত/বাগদত্তাদের এবং স্বামী/স্ত্রীদের অভিবাসন প্রক্রিয়া সম্পর্কে নির্ভুল তথ্য দেয়া এবং নির্যাতনমূলক সম্পর্কের ক্ষেত্রে কিভাবে সাহায্য পাওয়া যায় তা জানানো।

### পারিবারিক/ঘরোয়া সহিংসতা কি?

পারিবারিক সহিংসতা হচ্ছে একধরনের আচরণ যখন একজন অন্তরঙ্গ সঙ্গী বা স্বামী/স্ত্রীর ওপর অপর অন্তরঙ্গ সঙ্গী বা স্বামী/স্ত্রী হুমকি প্রদান করে বা নির্যাতন করে। শারীরিক ক্ষতি, জোরপূর্বক যৌন সম্পর্ক, মানসিক কষ্ট প্রদান (আলাদা রাখা বা ভীতিপ্রদর্শন সহ), অর্থনৈতিক এবং/বা অভিবাসন সম্পর্কে হুমকি প্রদান করা নির্যাতনের অন্তর্ভুক্ত হতে পারে। যদিও বেশির ভাগ ক্ষেত্রে পুরুষ দ্বারা নারী বা শিশুরা নির্যাতনের শিকার হয়, তবে পুরুষরাও পারিবারিক সহিংসতার শিকার হতে পারে।

যৌন নির্যাতন, শিশু নির্যাতন এবং অন্যান্য সহিংস অপরাধ পারিবারিক সহিংসতার অন্তর্ভুক্ত। যৌন নির্যাতন হচ্ছে যে কোনো ধরনের যৌন কর্মে আপনাকে বাধ্য করা যাতে আপনার সম্মতি নেই, এটা এমনকি স্বামী/স্ত্রীর মধ্যেও হতে পারে বা অন্য যেকোনো ব্যক্তির দ্বারাও হতে পারে ও শিশু নির্যাতনের অন্তর্ভুক্ত হচ্ছে: শারীরিক নির্যাতন (যে কোনো ধরনের আঘাত যা দুর্ঘটনা জনিত নয়, এটা অতিরিক্ত শাস্তিও হতে পারে), শারীরিক ভাবে অবহেলা (খাদ্য, আশ্রয়, চিকিৎসা সেবা বা দেখাশোনা করতে বর্খ হওয়া), যৌন নির্যাতন, এবং মানসিক নির্যাতন (হুমকি দেয়া, ভালবাসা, সহায়তা বা দিকনির্দেশনা দেয়া থেকে বিরত থাকা)।

যেকোনো পরিস্থিতিতেই, পারিবারিক নির্যাতন, যৌন নির্যাতন এবং শিশু নির্যাতন যুক্তরাষ্ট্রে অবৈধ ও প্রতিটি মানুষ যুক্তরাষ্ট্রে (যে কোনো জাতি, বর্ণ, ধর্ম, লিঙ্গ, বয়স, জাতিগত বা অভিবাসী মর্যাদা) আইন এর অধীন যে কোনো ধরনের নির্যাতনের বিরুদ্ধে নিশ্চিত সুরক্ষা পায় ও অভিবাসন বা নাগরিকত্ব ছাড়াও পারিবারিক সহিংসতার শিকার যে কোনো ব্যক্তি সাহায্য চাইতে পারেন। কোনো অভিবাসী যদি পারিবারিক সহিংসতার শিকার হন, তাহলে সে ইমিগ্রেশন আইনের সুরক্ষা পেতে পারেন। আপনি যদি আপনার বাসায় পারিবারিক নির্যাতনের শিকার হন, আপনি একা নন ও এই পুস্তিকার উদ্দেশ্য হচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্রের আইন সম্পর্কে আপনাকে ধারণা দেয়া এবং প্রয়োজনে আপনি কিভাবে সাহায্য পাবেন তা জানানো।

### পারিবারিক নির্যাতনের শিকার ব্যক্তির মার্কিন যুক্তরাষ্ট্রে কি কি আইনি অধিকার আছে?

যুক্তরাষ্ট্রে অবস্থানকারী সকল ব্যক্তি, তাদের অভিবাসন বা নাগরিকত্ব মর্যাদা যাই হোক না কেন তারা আইন অনুযায়ী নিশ্চিত সুরক্ষা পাবার যোগ্য।

পরিবার নিয়ন্ত্রণ আইনগুলো থেকে আপনি পাবেন:

- আপনি এবং আপনার সন্তান/সন্তানদের নিরাপত্তা প্রাপ্তির অধিকার।
- স্বামী/স্ত্রীর সম্মতি ছাড়াও আইনি বিচ্ছেদ বা তালাকের অধিকার।
- বৈবাহিক সম্পত্তি বণ্টনের অধিকার। তালাকের ক্ষেত্রে আদালত আপনার এবং আপনার স্বামী/স্ত্রীর সম্পত্তি বা আর্থিক সম্পদ বণ্টন করে দিবে।
- আপনার সন্তানের জিম্মা এবং আর্থিক সহায়তা চাওয়ার অধিকার ও ২১ বছর বয়সের কম বয়সী সন্তানরা যারা তাদের পিতা/মাতার সাথে থাকে না তাদের অভিভাবহেরা প্রায়ই চাইল্ড সাপোর্ট দিতে হয়।

কোনো পারিবারিক আইনজীবী যিনি অভিবাসীদের সাথে কাজ করেন আপনি তার সাথে এই সকল বিষয়ে আলাপ করতে পারেন। আইনে, আপনি যেকোন অপরাধের শিকার হলে অভিবাসন বা নাগরিকত্ব মর্যাদা নির্বিশেষে, আপনি পুলিশকে ফোন করে সাহায্য বা নিরাপত্তা চাইতে পারেন।

পুলিশকে ৯১১ নম্বরে ফোন করুন যদি আপনি বা আপনার সন্তান কোনো বিপদ পরেন ও পুলিশ আপনার বাগদত্ত/বাগদত্তা, স্বামী/স্ত্রী, সঙ্গী বা অন্য কোনো ব্যক্তিকে এই অপরাধের জন্য গ্রেপ্তার করতে পারে। আপনি পুলিশকে অবশ্যই পূর্বের নির্যাতনের ঘটনা বলবেন বা কোনো নির্যাতনের চিহ্ন থাকলে তা দেখাবেন ও অভিবাসন বা নাগরিকত্ব মর্যাদা নির্বিশেষে যে কেউ কোনো অপরাধের তথ্য দিতে পারে।

অনুরূপভাবে আপনি যদি পারিবারিক নির্যাতনের শিকার হন তবে আপনি নিরাপত্তার জন্য আদালতে আবেদন করতে পারেন ও আদালত প্রদত্ত নিরাপত্তার আদেশ বা নিরোধক আদেশ আপনাকে, আপনার শিশুকে আপনার পরিবারের অন্যান্য সদস্যদের, নির্যাতনকারীর কাছ থেকে ফোন পাওয়া বা যে কোনো ধরনের যোগাযোগ করার অপচেষ্টা থেকে বিরত রাখবে ও আপনার নির্যাতনকারী যদি এই নিরাপত্তার আদেশভঙ্গ করে তাহলে আপনি পুলিশের সাথে যোগাযোগ করতে পারেন। পুলিশ তাকে গ্রেফতার করতে পারে ও নিরাপত্তার আদেশের আবেদনপত্র সাধারণত বিচারালয়, পুলিশ স্টেশন, মহিলা আশ্রয়কেন্দ্র এবং আইনি সেবাদানকারী অফিসে পাওয়া যায়।

যদি আপনার উপর নির্যাতনকারী আপনাকে কোনো অপরাধের জন্য দায়ী করে, সে ক্ষেত্রে, অভিবাসন বা নাগরিকত্ব মর্যাদা নির্বিশেষে, আপনার ও কিছু মৌলিক অধিকার আছে-যেমন কোনো আইনজীবীর সাথে কথা বলার অধিকার, আইনজীবীর উপস্থিতি ছাড়া কোনো প্রশ্নের উত্তর না দেয়ার অধিকার, আপনার আত্মরক্ষার জন্য কথা বলার অধিকার ও অভিবাসন বিষয়ক এবং ফৌজদারি উভয় বিষয়ক আইনজীবীর সাথে কথা বলা জরুরি।

### যুক্তরাষ্ট্রে পারিবারিক নির্যাতনের এবং যৌন নির্যাতনের শিকার কোনো ব্যক্তির জন্য কি কি সেবার ব্যবস্থা আছে?

যুক্তরাষ্ট্রে, কোনো অপরাধের শিকার ব্যক্তি, তার অভিবাসন বা নাগরিকত্ব মর্যাদা নির্বিশেষে, সরকারী বা বেসরকারী যে কোনো সংস্থার কাছে সাহায্য চাইতে পারে। পরামর্শদান, দোভাষী সেবা দান, জরুরি ভিত্তিতে আবাসন ব্যবস্থা করা এমনকি আর্থিক সহায়তাও এই সকল সংস্থার কাছে থেকে পাওয়া যেতে পারে।

নিম্নে উল্লিখিত জাতীয় টেলিফোন নম্বর অথবা যে 'হটলাইন' গুলো আছে সেখানে ফোন করে আপনি ২৪ ঘণ্টা বিনামূল্যে অপারেটর এর সাহায্য নিতে পারেন ও এই অপারেটরদের প্রশিক্ষণ দেওয়া আছে যাতে করে তারা যে কোনো নির্যাতনের শিকার যে কোনো মানুষকে সাহায্য করতে পারে ও এই নম্বর গুলোতে আপনি দোভাষী পাবেন এবং এই নম্বর গুলো দ্বারা আপনি আপনার এলাকার কোন নির্যাতনের শিকার মানুষের জন্য বিনা মূল্যে সুবিধা পেতে পারেন যেমন জরুরি বাসস্থান, ঔষধপত্র, পরামর্শদান এবং আইনি

সাহায্য আপনার যদি কোন উকিলকে নিয়োগ করার মত সামর্থ্য না থাকে তাহলে আপনার যোগ্যতা অনুসারে বিনা মূল্যে অথবা কম মূল্যের কোন আইনগত অভিবাসন অপরাধ অথবা পারিবারিক সহিংসতার কর্মসূচিতে যোগ দিতে পারেন।

ন্যাশনাল ডমিস্টিক ভায়োলেন্স হটলাইন  
১-৮০০-৭৯৯-SAFE ৭২৩৩ (১-৮০০-৭৯৯-৭২৩৩)  
১-৮০০-৭৮৭-৩২২৪ (TTY)  
ওয়েবসাইট: [www.thehotline.org](http://www.thehotline.org)

ন্যাশনাল সেক্সুয়াল অ্যাসাল্ট হটলাইন অফ দি রেপ, এবিউজ এন্ড ইনসেস্ট  
ন্যাশনাল নেটওয়ার্ক (RAINN)  
১-৮০০-৬৫৬-HOPE (১-৮০০-৬৫৬-৪৬৭৩)  
ওয়েবসাইট: [www.rainn.org](http://www.rainn.org)

ন্যাশনাল সেন্টার ফর মিসিং এঞ্জলস  
১-৮০০-THE-LOST (১-৮০০-৮৪৩-৫৬৭৮)  
ওয়েবসাইট: [www.missingkids.org](http://www.missingkids.org)

দি ন্যাশনাল সেন্টার ফর ভিকটিম অফ ক্রাইম  
১-৮০০-FYI-CALL (১-৮০০-৩৯৪-২২৫৫)  
১-৮০০-২১১-৭৯৯৬ (TTY)  
ওয়েবসাইট: [www.victimsofcrime.org](http://www.victimsofcrime.org)

নোট: এই সব সংস্থার মূল লক্ষ্য হলো নিরাপত্তা এবং সুরক্ষা।

### আমি যদি কোনো পারিবারিক সহিংসতা, যৌন নির্যাতন অথবা যে কোনো অন্য অপরাধের শিকার হই, তাহলে আমার জন্য কি কি অভিবাসনের সুবিধা থাকতে পারে?

যে সকল অভিবাসী পারিবারিক সহিংসতা, যৌন নির্যাতন অথবা যে কোনো অন্য অপরাধের শিকার হয়ে থাকে তারা তিন ভাবে নিজেদের এবং তাদের সন্তানদের জন্য স্থায়ী অভিবাসনের আবেদন করতে পারে ও এই ধরনের আবেদনপত্র সবসময় গোপনীয় থাকে এবং এই ব্যাপারে কাউকে (কোন অপব্যবহারকারী, কোন অপরাধ সংঘটনকারী বা আপনার কোনো পারিবারিক সদস্য) কিছুই বলা হবে না।

- স্থায়ী ভাবে বসবাসের জন্য আপনি স্ব পিটিশন (নিজের জন্য পিটিশন) করতে পারেন নারীদের বিরুদ্ধে সহিংসতা এই আইন ধারায় ভায়োলেন্স এগেইনস্ট ওমেন অ্যাক্ট (VAWA)।
- VAWA- এই আইন ধারায় বাতিলের অপসারণ করা।
- অনভিবাসী- U (ইউ) ভিসা আবেদন করা (যদি আপনি অপরাধের শিকার হন)।

উপরের সবকটি অভিবাসন সুবিধারই কিছু কিছু নির্দিষ্ট শর্ত আছে যা প্রমাণ করতে হবে। আপনি কোনো অভিবাসন উকিলের সাথে আপনার অভিবাসন সুবিধার ব্যাপারে বিস্তারিত আলাপ করতে পারেন যে এই ধরনের পারিবারিক সহিংসতার বিষয়ে কাজ করে থাকে।

### বিবাহ ভিত্তিক অভিবাসন ভিসা কিভাবে কাজ করে?

বিবাহ ভিত্তিক যে অভিবাসন ভিসা আছে তা বিভিন্ন ধাপে কাজ করে যার দ্বারা আপনি আইনগত ভাবে গ্রীন কার্ড পেতে পারেন এবং সময়ের সাথে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পাবার যোগ্যতা অর্জন করতে পারেন ও এই ধাপ গুলো ভিত্তি করে আপনি কোন ধরনের অভিবাসন ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে এসেছেন তার উপর এবং অন্যান্য উপাদানের উপর ও এই ধরনের ভিসার ব্যাপারে নিম্নে কিছু বর্ণনা দেওয়া আছে এবং তার সাথে দেওয়া আছে আপনার আইনগত অধিকার।

- K1 visa (অনভিবাসন ভিসা- যুক্তরাষ্ট্রের নাগরিকের বাগদত্ত অথবা বাগদত্তা হিসেবে): আপনি যদি এই ধরনের ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন তাহলে নিয়ম হচ্ছে যে আপনার যুক্তরাষ্ট্রে প্রবেশের ৯০ দিনের মধ্যে আপনার যুক্তরাষ্ট্রের নাগরিক বাগদত্ত/বাগদত্তা কে বিয়ে

করতে হবে অথবা যুক্তরাষ্ট্র থেকে বের হয়ে যেতে হবে ও আপনার যুক্তরাষ্ট্রের পিটিশন এর সাথে বিয়ের পরপরেই আপনাকে যুক্তরাষ্ট্রে স্থায়ী ভাবে বসবাস করার জন্য আবেদন করতে হবে, যে ফর্মের নাম হচ্ছে (Form আই-485)। আপনার আই-485 যদি অনুমোদন করা হয় তাহলে আপনি শর্ত সাপেক্ষে স্থায়ী ভাবে বসবাস করার অনুমতি পাবেন ও এই শর্ত সাপেক্ষে অভিযাসন আপনাকে দুই বছরের জন্য দেয়া হবে।

- আপনি যদি আপনার যুক্তরাষ্ট্রের পিটিশনারকে বিয়ে না করেই যুক্তরাষ্ট্রে থেকে যান, অথবা অন্য কাউকে বিয়ে করেন, তাহলে আপনি আপনার ভিসার শর্ত ভঙ্গ করলেন, অতএব আপনি আইনগত ভাবে যুক্তরাষ্ট্রে থাকার সুযোগ পাবেন না এবং আপনাকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেয়া হতে পারে।
- K3 visa (অনভিবাসন ভিসা- যুক্তরাষ্ট্রের নাগরিকের স্বামী/ স্ত্রী হিসেবে যে ভিসা দেয়া হয়): এই ভিসা নিয়ে আপনি অস্থায়ী ভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে পারেন যতক্ষণ পর্যন্ত না আপনার পারিবারিক ভিসা পিটিশন এর (আই-130) অনুমোদন হয়। আপনার আই-130 ভিসা পিটিশন অনুমোদন হয়ে গেলেই আপনি গ্রীন কার্ডের জন্য আবেদন করতে পারবেন এবং স্থায়ী ভাবে বসবাস করার জন্য আপনাকে ফর্ম আই-485 এর আবেদন করতে হবে।

এই দুই ধরনের ভিসা ছাড়া আর যে সকল বিবাহ ভিত্তিক অভিযাসন ভিসা আছে তা নিয়ে কেউ যদি যুক্তরাষ্ট্রে আসেন তাহলে যে যুক্তরাষ্ট্র দূতাবাস/কনসুলেট থেকে তাকে ভিসা দেয়া হয়েছে: সেই দূতাবাস থেকে প্রাপ্ত তথ্য তাকে মানতে হবে। আরো তথ্য জানতে ভিসিট করুন <http://www.uscis.gov>

#### বিবাহ সংক্রান্ত প্রতারণার শাস্তিসমূহ কি কি?

যে অভিযাসীরা বিবাহ সংক্রান্ত প্রতারণার সাথে জড়িত, তারা ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে অভিযাসন সম্পর্কিত সব রকমের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হবেন। বিবাহ সম্পর্কিত প্রতারণা বা অভিযোগ প্রমানিত হলে, তার শাস্তি ৫ বছরের জেল এবং \$২৫০,০০০ (মার্কিন ডলার)।

#### আমি যদি কোনো যুক্তরাষ্ট্রের নাগরিকের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হই এবং সে আমার অভিযাসনের জন্য আবেদন করে, তাহলে আমার অভিযাসন অবস্থান কি?

আপনার আই-485 অনুমোদন হবার সময় আপনার বিবাহের সময় যদি ২ বছরের কম হয়, তাহলে USCIS আপনাকে শর্ত সাপেক্ষে অভিযাসনের মর্যাদা দেবে। আপনার বিবাহের ২ বছর পূর্ণ হবার ৯০ দিন পূর্বে আপনি এবং আপনার যুক্তরাষ্ট্রের নাগরিক স্বামী/স্ত্রী কে একসাথে আপনার শর্ত অনুমোদনকৃত অভিযাসন অবস্থা পরিবর্তনের জন্য আবেদন করতে হবে। এর জন্য আপনাকে প্রমান করতে হবে যে আপনাদের বিবাহটি বৈধ। যখন শর্ত উঠে যাবে তখন আপনি স্থায়ী বসবাসের যোগ্যতা অর্জন করবেন, যা আর আপনার যুক্তরাষ্ট্রের নাগরিক স্বামী/স্ত্রী এর উপর নির্ভর করবেনা।

আপনার আই-485 অনুমোদনের সময় আপনার বিবাহের সময় যদি ২ বছরের বেশি হয়, তাহলে USCIS আপনাকে স্থায়ী বসবাসের পরিচয়পত্রের জন্য অনুমোদন দেবে। সেই পরিচয়পত্রটি পাওয়া মাত্র আপনাকে আর আপনার যুক্তরাষ্ট্রের নাগরিক স্বামী/স্ত্রী এর উপর অভিযাসনের পরিচয়ের জন্য নির্ভর করতে হবেনা।

মোট তিনটি অবস্থায় আইন, শর্ত সাপেক্ষে অভিযাসীদেরকে শর্তাবলী মওকুফের আবেদন করার অনুমতি দেয়, যে ক্ষেত্রে আপনি এবং আপনার স্বামী/স্ত্রী যৌথভাবে শর্ত উঠিয়ে নেবার যে আবেদন করেছেন। তা হচ্ছে।

১) শর্ত সাপেক্ষে অভিযাসীকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়াটা চূড়ান্ত দুর্ভোগ বয়ে আনবে: ২) বিবাহের বৈধ সমাপ্তি ঘটা, মৃত্যু ব্যতিত, এবং আবেদনকারী তার স্ট্যাটাস এর শর্ত সাপেক্ষে ভিত্তিক অবস্থা উঠিয়ে নেবার

জন্য যথা সময়ে আবেদন করতে বার্থ হলে তার জন্য যদি দায়ী না হয়ে থাকে: অথবা ৩) বিবাহের সময় যুক্তরাষ্ট্রের নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা স্বামী/স্ত্রীর দ্বারা যদি শর্ত সাপেক্ষে অভিযাসী চূড়ান্ত নিষ্কর্তৃত্ব বা হুমকির শিকার হয়ে থাকে।

এই তিন ধরনের শর্ত মওকুফের আবেদন ফর্ম আই-৭৫১ এর মাধ্যমে করতে হবে এবং আপনাকে প্রমান করতে হবে যে আপনার বিবাহ বৈধ ছিল এবং প্রতারণামূলক ছিলনা।

#### যুক্তরাষ্ট্র সরকার আর কি উপায়ে বিদেশী বাগদত্ত অথবা বাগদত্তা এবং বিদেশী স্বামী অথবা স্ত্রীদের তাদের অধিকার সম্বন্ধে অবগত করে এবং তাদের ও তাদের সন্তানদের নির্যাতনের হাত থেকে রক্ষা করে?

যুক্তরাষ্ট্র তাদের দেশে নবাগত বিদেশী বাগদত্ত অথবা বাগদত্তা এবং বিদেশী স্বামী অথবা স্ত্রীদের সাহায্য করার জন্য আন্তর্জাতিক বিবাহ দালাল নিয়ন্ত্রন আইন (IMBRA)" নামক আইনটিতে বিবাহ নির্ভর অভিযাসন ব্যবস্থার কিছু পরিবর্তন এনেছে। IMBRA নির্দেশিত আইনে যুক্তরাষ্ট্র সরকার নবাগত বিদেশী বাগদত্ত অথবা বাগদত্তা এবং বিদেশী স্বামী অথবা স্ত্রীদের তাদের যুক্তরাষ্ট্রে বসবাসকারী স্বামী অথবা স্ত্রীদের (যারা নিজ দায়িত্বে তাদের যুক্তরাষ্ট্রে নিয়ে গিয়েছেন) পারিবারিক নির্যাতন থেকে রক্ষা করার জন্য তথ্য প্রদান করে থাকে। অনেক ক্ষেত্রেই, অভিযাসনকারী বাগদত্ত বা বাগদত্তা অথবা স্বামী বা স্ত্রীদের যুক্তরাষ্ট্রের আইন কানুন সম্পর্কে ধারণা থাকেনা ও তাদেরকে পারিবারিক নির্যাতন থেকে রক্ষা করার মত পরিবার বা বন্ধু বান্ধবও থাকেনা।

IMBRA এর এই পুস্তিকাটি মুদ্রণ করে বিতরণ করার প্রধান কারণ আপনাদের যুক্তরাষ্ট্রের সেইসব আইনকানুন সম্পর্কে অবগত করা যা আপনাদের নির্যাতন থেকে বাঁচতে সাহায্য করবে। IMBRA, যুক্তরাষ্ট্রের নাগরিকদের কোনো অপরাধ কর্মকান্ডের ইতিহাস থাকলে, বাগদত্ত বা বাগদত্তা হিসেবে নেবার জন্য তারা যদি কাউকে স্পন্সর করতে চায়, তাহলে সেই আবেদন পত্র নাকচ করা হয়। IMBRA এর নিয়মনুযায়ী যুক্তরাষ্ট্র সরকার, যুক্তরাষ্ট্রের নাগরিকদের কাছে আসতে আগ্রহী অভিযাসনকারী বাগদত্ত অথবা বাগদত্তা, স্বামী অথবা স্ত্রীদের, তাদের স্পন্সর করতে ইচ্ছুক যুক্তরাষ্ট্রের নাগরিকদের উপর USCIS এর করা অপরাধ সংক্রান্ত তথ্য এবং ভিসা স্পন্সরশিপ এর আবেদনপত্র প্রদান করে থাকে।

#### যুক্তরাষ্ট্র সরকার কিভাবে "আন্তর্জাতিক বিবাহ দালাল" দের নিয়ন্ত্রন করে?

কোনো সংস্থা যদি "আন্তর্জাতিক বিবাহ দালাল" হিসেবে যোগ্যতা অর্জন করে, সেই সংস্থাকে অবশ্যই সেই যুক্তরাষ্ট্র নাগরিক আপনার সাথে যোগাযোগ করতে চাইছে তার সম্পর্কে নিম্নোক্ত তথ্য প্রদান করতে হবে।

- অতীত বিবরণী
- কেন্দ্রীয় এবং প্রাদেশিক যৌন অপরাধ সংক্রান্ত সর্বসাধারণের জন্য লিপিবদ্ধ তথ্য

আপনার লিখিত অনুমতি ছাড়া এই ধরনের সংস্থা কোনো যুক্তরাষ্ট্র গ্রাহককে আপনার যোগাযোগের তথ্য প্রদান করতে পারবে না। সেই সংস্থার আপনাকে এই পুস্তিকার একটি অনুলিপি দেওয়া আবশ্যিক। যদি আপনার বয়স ১৮ এর নিচে হয় তাহলে এই ধরনের সংস্থা গুলো আপনার সাথে কোনো ব্যবসায়িক লেনদেন এ যেতে পারবে না।

#### আমার যুক্তরাষ্ট্র নাগরিক বাগদত্ত বা বাগদত্তা অথবা যুক্তরাষ্ট্র নাগরিক স্বামী বা স্ত্রী সম্বন্ধে প্রাপ্ত অতীত বিবরণী কি নির্ভরযোগ্য?

অপরাধ সংক্রান্ত যে কোনো তথ্য যখন কোনো সংস্থা লিপিবদ্ধ করে, তখন এই তথ্যাদি বিভিন্ন সর্বসাধারণের জন্য ব্যবহৃত উৎস থেকে সংগ্রহ করা হয়। এ ছাড়া যুক্তরাষ্ট্রের নাগরিকরা নিজেরাও অভিযাসন সংক্রান্ত আবেদনপত্রে অনেক তথ্য দিয়ে থাকেন। যুক্তরাষ্ট্রে USCIS এর নিজের সব ধরনের অপরাধ সংক্রান্ত অতীত তথ্য সংগ্রহ করার অনুমতি নাই। যুক্তরাষ্ট্রের নাগরিক স্পন্সররাও সবসময় স্পন্সরশিপ এর আবেদনপত্রে সঠিক তথ্য দেননা। এমনও হতে পারে যে, কোনো যুক্তরাষ্ট্র নাগরিক কোনো অন্যায় বা অপরাধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন অথচ কোনদিন গ্রেপ্তার হননি। এই জন্য

আপনি যদি কোনো যুক্তরাষ্ট্র নাগরিক সম্পর্কে কোনো অপরাধ সংক্রান্ত অতীত বিবরণী পেয়েও থাকেন, সেটি সম্পূর্ণ নাও হতে পারে। IMBRA এর আসল উদ্দেশ্য যতটুকু তথ্যই আমাদের কাছে আছে তার সম্পূর্ণটাই অভিযাসনকারী বাগদত্ত বা বাগদত্তা বা অভিযাসনকারী স্বামী বা স্ত্রীকে প্রদান করা ও আপনি আপনার যার সাথে সম্পর্ক তার সাথে নিরাপদ বোধ করেন কিনা, সেই চূড়ান্ত সিদ্ধান্ত নেবার দায়িত্ব একান্তই আপনার নিজের।

#### বিদেশী কোনো বাগদত্ত/বাগদত্তা অথবা স্বামী/স্ত্রী যারা পারিবারিক নির্যাতনের শিকার, তাদের কি মানব পাচারের শিকার হবারও সম্ভাবনা আছে?

পারিবারিক নির্যাতনের পাশাপাশি মানব পাচারের সম্ভাবনাও থাকতে পারে- যা হতে পারে জ্বরদস্তিমূলক কাজ অথবা ব্যবসায়িক স্বার্থে কাউকে যৌন কর্মে লিপ্ত করা। মানব পাচার সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করুন:

ন্যাশনাল হিউম্যান ট্রাফিকিং রিসোর্স সেন্টার  
১-৮৮৮-৩৭৩-৭৮৮৮  
(দিনে ২৪ ঘণ্টা ও সপ্তাহে ৭ দিন)  
[www.acf.gov/trafficking](http://www.acf.gov/trafficking)

হিউম্যান ট্রাফিকিং এন্ড ওয়ার্কার এক্সপ্লয়টেশন টাস্ক ফোর্স হটলাইন,  
U.S. Department of State  
১-৮৮৮-৪২৮-৭৫৮১  
<https://www.justice.gov/crt/national-worker-exploitation-task-force>

আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট দেখুন অথবা নিচের টোল ফ্রি নম্বর এ ফোন করুন: USCIS সাধারণ তথ্য  
মার্কিন যুক্তরাষ্ট্রে, নিম্নোক্ত টোল ফ্রি নম্বর এ ফোন করুন। ১-৮০০-৮৭০-৩৬৭৬  
অথবা  
ইন্টারনেট এ আমাদের ওয়েবসাইট দেখুন:  
<http://www.uscis.gov>

